# ব্যালটের ভাঁজে ধানের শীষ নিয়ে ব্যাখ্যা দিল নির্বাচন কমিশন




সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পোস্টাল ব্যালটে বিএনপির প্রতীক ধানের শীষ ভাঁজের মধ্যে পড়ে যাওয়ার অভিযোগ নিয়ে ব্যাখ্যা দিয়েছে নির্বাচন কমিশন। ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ জানান, ব্যালট ছাপার সময় সরকারি গেজেটে নির্ধারিত প্রতীকগুলোর ক্রমই অনুসরণ করা হয়েছে।

বুধবার বিকেলে আগারগাঁওয়ের নির্বাচন ভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি বলেন, বিষয়টি একটি ত্রুটি হতে পারে, তবে চূড়ান্তভাবে কিছু বলার আগে ছাপার সঙ্গে যুক্তদের বক্তব্য জানা প্রয়োজন। গেজেট অনুযায়ী প্রতীকগুলোর অবস্থান ঠিক করা হয়েছে বলেও জানান তিনি।

এর আগে বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান অভিযোগ করেন, ইচ্ছাকৃতভাবে ধানের শীষ এমন স্থানে রাখা হয়েছে, যাতে ভাঁজ করলে সেটি কম দৃশ্যমান হয়। দলটির পক্ষ থেকে এখনো পাঠানো হয়নি এমন ব্যালট সংশোধনের দাবিও জানানো হয়েছে। তবে ব্যালট পুনর্মুদ্রণ হবে কি না, সে বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি বলে জানায় ইসি।

এদিকে বাহরাইনে একসঙ্গে ১৬০টি পোস্টাল ব্যালট পাঠানো এবং তা নিয়ে ভাইরাল হওয়া ভিডিও প্রসঙ্গে ইসি জানায়, প্রবাসীদের সুবিধার্থে একটি বক্সে ব্যালট পাঠানো হয়েছিল, যেখান থেকে তারা নিজ নিজ ব্যালট সংগ্রহ করবেন। তবে ভিডিও ধারণ ও প্রচার করা অনুচিত ছিল, বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

LENS ASIA